দৈনিক ইত্তেফাক

তারিখ ... ০১।০৯।৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

38

# দুইজন আদর্শ শিক্ষক !

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ফোনে জানান, গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেটের সভায় গণিত বিভাগের ২ জন শিক্ষককে চাকুরী হইতে অব্যাহতিদান এবং অপর তিনজন শিক্ষককে ভিন্ন রকম শাস্তি দেওয়া হইয়াছে। অধ্যাপক সামসুর রহমান

(শেষ পৃ: ৮-এর ক: দ্রঃ)

## আদর্শ শিক্ষক

(১ম পৃ: পর)

ও সহযোগী অধ্যাপক নূরুল হুদাকে প্রবন্ধ নকল করার দায়ে চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর দেওয়া হইয়াছে। এদিকে জনৈক শিবির কর্মীকে বাসায় বসিয়া পরীক্ষাদানের সুযোগ দেওয়ার অভিযোগে অধ্যাপক মকবুল হোসেন ও সহযোগী অধ্যাপক সুতরাজিত কুমার সাহাকে তিন বৎসরের জন্য পরীক্ষা সংক্রান্ত কোন ব্যাপার হইতে বিরত রাখার নির্দেশ দেওয়া হইয়াছে। সাংবাদিকদের তথ্যদানের অপরাধে সহযোগী অধ্যাপক মোতালেব হোসেনকে সতর্ক করিয়া দেওয়া হইয়াছে।

একই বৈঠকে অধ্যাপক এনামুল হক খানকে নির্মাণাধীন ভাসানী হলের প্রভোষ্ট নিয়োগ করা হয়।